**Proctor Office**
European University of Bangladesh
2/4. Gabtoli, Dhaka-1216
Web:www.eub.edu.bd

**প্রক্টর অফিস**
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ
২/৪, গাবতলী, ঢাকা-১২১৬

তারিখঃ ২২/০৮/২০২৫ইং

# অফিস আদেশ

**বিষয়: সিএসই ডিপার্টমেন্ট এর দুইজন শিক্ষার্থীর মধ্যে সংঘটিত অপ্রীতিকর ঘটনা প্রসঙ্গে**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ২০.০৮.২০২৫ ইং রোজ বুধবার সিএসই ডিপার্টমেন্ট এর রেগুলার ব্যাচ এর দুইজন শিক্ষার্থী আবু সাঈদ (লিনিয়াস), আইডি নংঃ ২৩০৩২১০৫১ এবং মুশফিকুর রহমান, আইডি নংঃ ২৩০৩২১০৪০ এর মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে হাতা হাতির ঘটনা ঘটে।
পরবর্তীতে, প্রক্টর অফিস উক্ত দুজন শিক্ষার্থীর কাছ থেকে তাদের মধ্যে সংঘটিত বিবাদের বিস্তারিত জানতে পারে এবং সমস্ত ঘটনাবলি পর্যালোচনা শেষে, প্রক্টর মহোদয়ের মাধ্যমে মুশফিকুর রহমান তার কৃতকার্যের জন্য আবু সাঈদ এর কাছে ক্ষমা চায় এবং দুজনার কোলাকুলির মাধ্যমে বিরাজমান বিবাদের সমাধান করা হয়।

উক্ত ঘটনার শান্তিপূর্ণ সমাধানের পরে বাসায় ফিরে যাওয়ার সময় বিশ্ববিদ্যালয়ের সামনের রাস্তায় মসজিদের পাশে মুশফিকুর রহমান, আতিকুল ইসলাম, এবং মিনহাজ উদ্দিন এই তিনজন শিক্ষার্থীর উপর আবু সাঈদ (লিনিয়াস) এর যোগসাজশে কিছু বহিরাগত লোক চড়াও হয় এবং মারধর করে। আবু সাইদ (লিনিয়াস) এর ছাত্র হিসেবে এই আচরণ সম্পূর্ণ শিষ্টাচার বহির্ভূত। যা ক্যাম্পাসের সুষ্ঠু শিক্ষার পরিবেশের জন্য পরিপন্থী।
উল্লেখ্য যে, উক্ত ঘটনার প্রেক্ষিতে ভূক্তভোগী ছাত্র মুশফিকুর রহমান স্থানীয় থানায় একটি সাধারন ডায়রি দায়ের করেছেন।

তাই ক্যাম্পাসে শিক্ষার্থীদের নিরাপত্তা এবং যে কোন ধরনের বিশৃঙ্খলা ও অপ্রীতিকর ঘটনা এড়াতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আবু সাঈদ (লিনিয়াস) এর অত্র বিশ্ববিদ্যালয়ে প্রবেশ, ক্লাস বা পরীক্ষায় অংশগ্রহণ স্থগিত করা হলো।

ইইউবি কর্তৃপক্ষের পক্ষে,

মেজর (অবঃ) মোঃ আমিনুর রহমান
প্রক্টর
ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ

CamScanner